



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং- ওএম/২০সি-১/১৪/ ২০৮/৮

তারিখ: ২৮/১২/২০১৭

## অফিস আদেশ

বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) ফরম যথাযথভাবে পূরণ, অনুশাস্করসহ লিখন, প্রতিশ্বাস্করকরণ এবং প্রতিবছর ৩১ মার্চ সময়ের মধ্যে মাউশি'র এসিআর শাখায় প্রেরণ নিশ্চিত করতে পত্র জারি করা সত্ত্বেও অনেক ক্ষেত্রে বিলম্বে প্রেরণসহ নানা ধরনের ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, এসিআর ফরম যথাযথভাবে এবং যথাসময়ে পূরণপূর্বক দাখিল, অনুশাস্কর ও প্রতিশ্বাস্করের ক্ষেত্রে নির্দেশনাবলী কঠোরভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক ৩১ ডিসেম্বরের মধ্যে স্বাস্থ্য পরীক্ষা সম্পাদন করে ৩১ জানুয়ারির মধ্যে ফরম পূরণ, অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে যাচাই ও পূরণ করে ২৮ ফেব্রুয়ারির মধ্যে প্রতিশ্বাস্করকারী কর্মকর্তার কাছে সীলগালা করে প্রেরণ এবং প্রতিশ্বাস্করকারী কর্মকর্তা কর্তৃক যাচাই ও প্রতিশ্বাস্কর করে ৩১ মার্চের মধ্যে সীলগালা করে মাউশি'র সরকারি কলেজ শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।
- নির্ধারিত সময় শেষ হওয়ার ১ বছর পর প্রেরণকৃত এসিআর কোনভাবেই মাউশি'র সরকারি কলেজ শাখায় গ্রহণ করা হবে না।
- কোন কর্মস্থলে/অনুবেদনকারী কর্মকর্তার অধীনে কর্মকাল ০৩ (তিনি) মাস হলেই এসিআর প্রদান করতে হবে।
- কোনভাবেই এসিআর ফরম পূরণ ও লিখনে ওভার রাইটিং/কাটাকাটি/মোচামুছি/ফ্লাইড/লাল কালি ব্যবহার করা যাবে না। অনুবেদনকারী/প্রতিশ্বাস্করকারী উভয় কর্মকর্তাকে প্রদত্ত নম্বর অংকে লেখার পাশাপাশি কথায় লিখতে হবে।
- বিকল্প মন্তব্য প্রদানের ক্ষেত্রে মন্তব্য প্রদানের সপক্ষে প্রামাণ্য কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ সেপ্টেম্বর ২০১২ তারিখে জারিকৃত অনুশাসনমালার অনুচ্ছেদ ৪.৪ প্রতিপালন না করার জন্য বিকল্প মন্তব্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন।
- যে সমস্ত সরকারি কলেজে উপাধ্যক্ষ পদ নেই/শূন্য আছে, সে সমস্ত কলেজের কর্মকর্তাগণের মধ্যে জ্যোর্জতর কর্মকর্তা (সহযোগী অধ্যাপক পদমর্যাদার নীচে নয়) অনুবেদনকারী হিসেবে (দায়িত্ব প্রদানের অফিস আদেশ অবশ্যই দাখিল করতে হবে) এবং অধ্যক্ষ প্রতিশ্বাস্করকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। যে সমস্ত এসিআরে প্রতিশ্বাস্কর নেই, সে সমস্ত এসিআরগুলো কারণ উল্লেখপূর্বক পৃথকভাবে মাউশি অধিদপ্তরের পরিচালক (কঃ ও পঃ) এর কাছে প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান-১১১)

মহাপরিচালক

স্মারক নং- ওএম/২০সি-১/১৪/ ২০৮/৮

তারিখ: ২৮/১২/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, নায়েম/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা;

০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড-

ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/মাদ্রাসা শিক্ষা বোর্ড/এনসিটিবি;

০৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর/ব্যানবেইস, ঢাকা;

০৪। প্রকল্প পরিচালক.....;

০৫। অধ্যক্ষ.....;

০৬। সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা;

০৭। সদস্য, বি.এন.সি.ইউ. শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০৮। সংরক্ষণ নথি।



(প্রফেসর মোহাম্মদ শামসুল হৃদ-১১৭)

পরিচালক (কলেজ ও প্রশাসন)

ফোন: ৯৫৬৩৪৩৯

## এসিআর সংক্রান্ত অনুসরণীয় নির্দেশাবলী:

- এসিআর ফরম পূরণ করার পূর্বে অনুবেদনাধীন, অনুবেদনকারী ও প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তাকে ৭ম ও ৮ম পৃষ্ঠার নির্দেশাবলী অবশ্যই পাঠ করতে হবে।
- এসিআর ফরমে অনুবেদনাধীন, অনুবেদনকারী ও প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তাগণকে তারিখ উল্লেখসহ স্পষ্টভাবে নাম, পদবী, পরিচিতি নম্বর ও মোবাইল নং লিখতে হবে এবং আবশ্যিকভাবে সীল ব্যবহার করতে হবে। বদলী/পদোন্নতির ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তাগণের পূর্ববর্তী পদবীসহ বর্তমান পদবী উল্লেখ করতে হবে।
- এসিআর ফরমের ২য় অংশে ১৪ নং কলামে অনুবেদনাধীন কর্মকর্তার অধীনে পূর্ণ মেয়াদ উল্লেখ করতে হবে এবং এ কলামে কোনোরূপ কাটাকাটি বা ফুইড ব্যবহার করা যাবেনা এবং কোনওভাবেই অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ তথ্য প্রদান করা যাবেন।
- বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে এসিআর ফরমের ২য় অংশে ৬নং কলামে নিজ নিজ বি.সি.এস. ও মেধাক্রম আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। আঞ্চলিক, প্রদর্শক থেকে প্রভাষক হিসেবে পদোন্নতিপ্রাপ্ত এবং ১০% কোটায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে নিয়োগের তারিখ উল্লেখ করতে হবে।
- অনুবেদনকারী কর্মকর্তার প্রদত্ত নম্বর প্রতিষ্পাক্ষরকারী কর্তৃক হ্রাস/বৃদ্ধির ক্ষেত্রে প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তা ৭ম অংশে মন্তব্য কলামে নম্বর হ্রাস/বৃদ্ধির সমক্ষে যৌক্তিক কারণ অবশ্যই লিপিবদ্ধ করবেন।
- কোন কর্মস্থলে/কোন অনুবেদনকারী কর্মকর্তার অধীনে কর্মকাল ০৩ (তিনি) মাস না হলে এসিআর প্রযোজ্য হবে না। এমন কাউকে দিয়ে এসিআর লেখানো যাবে না, যার অধীনে কর্মকর্তার তিনি মাস কাজ করার সুযোগ হয়নি- এ ধরনের এসিআর বাতিল বলে গণ্য হবে। তবে একই পঞ্জিকা বছরে কোন কর্মস্থলে একাধিক অনুবেদনকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ (তিনি) মাস না হলে এবং প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ (তিনি) মাস হলে উক্ত ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তাকে প্রত্যেক অনুবেদনকারীর নিকট থেকে বা প্রত্যেক কর্মস্থলের জন্য পৃথক আংশিক এসিআর আবশ্যিকভাবে দাখিল করতে হবে। তবে একই কর্মস্থলে প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তা একাধিক হলে যার তত্ত্বাবধানে অনুবেদনাধীন কর্মকর্তা অধিককাল কর্মরত ছিলেন, তিনিই এসিআর প্রতিষ্পাক্ষর করবেন।

- এক পঞ্জিকা বছরে কোন অনুবেদনাধীন কর্মকর্তার কর্মস্থল একাধিক হলে বা অনুবেদনকারী কর্মকর্তা পরিবর্তিত হলে এবং কর্মকাল ন্যূনতম ০৩ (তিনি) মাস হলে উক্ত ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তাকে প্রত্যেক অনুবেদনকারীর নিকট থেকে বা প্রত্যেক কর্মস্থলের জন্য পৃথক আংশিক এসিআর আবশ্যিকভাবে দাখিল করতে হবে। তবে একই কর্মস্থলে প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তা একাধিক হলে যার তত্ত্বাবধানে অনুবেদনাধীন কর্মকর্তা অধিককাল কর্মরত ছিলেন, তিনিই এসিআর প্রতিষ্পাক্ষর করবেন।
- এসিআর ফরম এর তৃতীয় অংশে বর্ণিত ব্যক্তিগত বৈশিষ্ট্য ও চতুর্থ অংশে বর্ণিত কার্য সম্পাদন সম্পর্কিত ফরমে উল্লিখিত বিষয়াবলীতে মূল্যায়নের জন্য অনুবেদনকারী কর্মকর্তা নির্ধারিত ৪ থেকে ১ রেটিং ক্ষেত্রের সংশ্লিষ্ট ঘরে কালো কলম দ্বারা কেবল অনুস্থান করবেন- কোনোরূপ টিক চিহ্ন বা নম্বর প্রদান করবেন না।
- এসিআর ফরমের ৩য় ও ৪র্থ অংশের কোনো ক্রমিকের (মূল্যায়নের বিষয়ের) বিপরীতে মান ১ (এক) এর ঘরে অনুস্থান করলে তা বিরুদ্ধ হিসেবে গণ্য হবে। মোট প্রাপ্ত নম্বর ৪০(চালিশ) বা তদনিম্ন অর্ধাংশ চলতি মানের নিম্নে হলে তা বিরুদ্ধ বলে গণ্য হবে। তাই এ বিষয়ে অনুবেদনকারী কর্মকর্তাকে যথাযথ সতর্কতা অবলম্বন করতে হবে এবং বিরুদ্ধ নম্বর প্রদানের ক্ষেত্রে তার সমক্ষে প্রামাণ্য কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবে।
- এসিআর ফরম এর ৫ম অংশে অনুবেদনকারী কর্মকর্তা ও ৭ম অংশের (ক) তে প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তা অনুবেদনাধীন কর্মকর্তা সম্পর্কে মন্তব্য করলে তা হতে হবে সুস্পষ্ট। কোনোরূপ ছবি, ধারণা ইত্যাদি আঁকা যাবে না। উপদেশমূলক মন্তব্য যথাসঙ্গে পরিহার করতে হবে। দ্ব্যর্থক বা কৌশলে এড়িয়ে যাওয়ার জন্য মন্তব্য না করে সুস্পষ্ট ও সরাসরি মন্তব্য করতে হবে। ৭ম অংশের (ক) তে অনুবেদনকারী কর্মকর্তা সম্পর্কে প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তাগণের কোনোরূপ মন্তব্য করার সুযোগ নেই।
- বনিয়াদি ও বিভাগীয় প্রশিক্ষণ, ওএসডি (সংযুক্ত নয়), লিয়েন, সাময়িক বরখাস্ত, দেশের অভ্যন্তরে বা বিদেশে শিক্ষা ছুটি/প্রেষণে প্রশিক্ষণ/অধ্যয়নকালীন এসিআর প্রযোজ্য হবে না।
- অনুবেদনকারী কর্মকর্তা মৃত্যুবরণ/কারাগারে আটক/সাময়িক বরখাস্ত বা অপসারণ/চাকরি হতে বরখাস্ত/পদত্যাগ/নিরুদ্ধেশ এবং এসিআর দাখিলের জন্য নির্ধারিত সময়ের সর্বশেষ তারিখের পরবর্তী ০৩ (তিনি) মাসের অধিককাল বিদেশে অবস্থান করলে (কারণ উল্লেখপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে প্রামাণ্য কাগজপত্রসহ) প্রতিষ্পাক্ষরকারী কর্মকর্তা এসিআর অনুবেদন করবেন। এক্ষেত্রে প্রতিষ্পাক্ষরের প্রয়োজন হবে না।

অনুবেদনাধীন, অনুবেদনকারী ও প্রতিষ্পাক্ষরকারী প্রত্যেক কর্মকর্তা তাঁদের দায়িত্ব যথাযথভাবে পালনপূর্বক বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) যথাসময়ে পরবর্তী নির্ধারিত কর্মকর্তা/কর্তৃপক্ষের নিকট না পৌঁছালে তা দায়িত্বে অবহেলা ও চাকুরিবিধি পরিপন্থী হিসেবে গণ্য হবে।

প্রতিষ্ঠান প্রধান এ আদেশটি তাঁর অধীনে কর্মরত কর্মকর্তাগণের নিকট ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. এম ওয়াহিদুজ্জামান-১১১)

মহাপরিচালক



স্মারক নং- ওএম/২০সি-১/১৪/

তারিখ: ২৮/১২/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। মহাপরিচালক, নায়েম/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড-
- ঢাকা/রাজশাহী/ঘোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/মাদ্রাসা শিক্ষা বোর্ড/এনসিটিবি;
- ০৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর/ব্যানবেইস, ঢাকা;
- ০৪। প্রকল্প পরিচালক.....;
- ০৫। অধ্যক্ষ.....;
- ০৬। সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা;
- ০৭। সদস্য, বি.এন.সি.ইউ. শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৮। সংরক্ষণ নথি।

(প্রফেসর মোহাম্মদ শামজুল হুদা-১১৭)

পরিচালক (কলেজ ও প্রশাসন)

ফোন: ৯৫৬৩৪৩৯